গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলার জুলাই / ২০২১ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : ফাহমি মো: সায়েফ
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ১২/০৭/২০২১ খ্রি:।
সময় : বেলা ১০.৩০ ঘটিকা।
স্থান : জুম অ্যাপের মাধ্যমে।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি সভায় উপস্থিত সকল উপদেষ্টা ও সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে ও বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করার আহবান জানান। অত:পর তিনি উপস্থিত সকল সদস্যকে তাদের বক্তব্য তুলে ধরার জন্য অনুরোধ জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :** বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। মে/২০২১ ও জুন/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. উপজেলার অপরাধ প্রবণতা : মে /২০২১ ও জুন/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

মাসের নাম	খুন	ধর্ষণ	ডাকাতি/ রাহাজানী	চুরি	বিশেষ ক্ষমতা	অস্ত্র উদ্ধার	জুয়া আইনে মামলা	নারী ও শিশু নির্যাতন অপরাধ	প্রতারণা / মানবপাচার মামলা	মাদক মামলা	বিস্ফোরক মামলা	সড়ক দূর্ঘটনা	অন্যান্য	মোট	মন্তব্য
জুন/২০২১	-	-	২	১	-	-	-	০৭	-	১৭	-	০২	১১	৪০	
মে /২০২১	-	-	-	১	-	-	১	০৪	-	১৬	-	০৩	১২	৩৭	
	-	-	বৃদ্ধি	স্থিতিশীল	-	-	হ্রাস	বৃদ্ধি	-	বৃদ্ধি	-	হ্রাস	হ্রাস	বৃদ্ধি	

উক্ত তুলনামূলক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, মে /২০২১ মাসে চুরি- ০১ টি, জুয়া আইনে অপরাধ-০১ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৪ টি, মাদক অপরাধ ১৬ টি, সড়ক দূর্ঘটনা-০৩ টি, অন্যান্য অপরাধ ১২ টি সহ মোট ৩৭ টি অপরাধ ও জুন/২০২১ মাসে ডাকাতি-০২টি, চুরি- ০১ টি ,জুয়া আইনে মামলা-০১ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৭ টি, মাদক অপরাধ-১৭ টি,অন্যান্য-১১ টি সহ মোট ৪০ টি অপরাধ ও সংঘটিত হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা মে/২০২১ মাসের তুলনায় জুন/২০২১ মাসে কিছুটা বৃদ্ধি পেয়েছে।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপর হতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নে : অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।

০৪. জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনা : সভাপতি জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনায় অংশ নিয়ে বর্তমান অবস্থার প্রেক্ষাপটে সরকারের নির্দেশনা অনুযায়ী উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজবাড়ী ও সভাপতি, ইমাম কমিটি, রাজবাড়ী এবং উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রতি শুক্রবার মসজিদে নামাজ আদায় কালে খুৎবার পূর্বে মাদকের ভয়াবহতা, জঙ্গীবাদ, সন্ত্রাস ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে পবিত্র কুরআন ও হাদিসের আলোকে ০৫ মিনিট নিয়মিত বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে অনুরোধ জানানো হয়। তাদেরকে প্রত্যেক শুক্রবার ভিন্ন ভিন্ন মসজিদে নামাজ আদায় করার জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত : জঙ্গীবাদের কুফল সম্পর্কে প্রতি শুক্রবার জুম্মার নামাজের পূর্বে বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন,রাজবাড়ী,সভাপতি, ইমাম কমিটি,রাজবাড়ী এবং রাজবাড়ী সদর

উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউ,পি চেয়ারম্যান ।

০৫. **মাদক বিরোধী অভিযান :** মাদক বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ উপজেলায় মাদকের প্রবণতা রোধে নিয়মিত অভিযান পরিচালনা করা হয় বলে সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় করা হয় এমন স্পটসমূহ চিহ্নিত ও মাদকের গডফাদারদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‌্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে লাগাতার অভিযান পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় ।

বাস্তবায়নে : অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা, পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও সকল ইউ,পি চেয়ারম্যান ।

০৬. **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয়াদি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:**

সভাপতি অপরাধ চিত্র পর্যালোচনা করে বলেন যে, চলতি মাসে অপরাধ প্রবণতা কিছুটা বৃদ্ধি পেয়েছে।তিনি বলেন সামনে পবিত্র ঈদুল আযহা তাই আমাদের আইন-শৃঙ্খলা বাহিনীকে আরো সচেতন করে বলেন রাতে পুলিশি টহল বারাতে হবে। পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে গরুর হাট বসানো যাবে তবে স্বাস্থ্য বিধি মেনে। কুটির হাটের পার্শ্বে ফাঁকা জায়জায় হাট সম্প্রসারিত করতে হবে। করোনার কারণে শরিয়তপুরকে মডেল হিসাবে দেখা যায়। সভাপতি জুমে সংযুক্ত সকলের বক্তব্য তুলে ধরার আহবান জানান। অত:পর, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে বিস্তারিত আলোচনা ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬.১	জনাব শেখ গোলাম মোস্তফা বাচ্চু, চেয়ারম্যান, বানীবহ ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, বানীবহতে পশুর হাট আছে। স্বাভাবিক নিয়মে সোমবারে পশুরহাট বসে। স্বাভাবিক নিয়মে পশুর হাট লাগবে কিনা তিনি জানতে চান। এছাড়া তার ইউনিয়নে ছিঁচকে চুরি বেড়ে গেছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি আইন-শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানার।	স্বাস্থ্য বিধি মেনে পশুর হাট বসাতে হবে।	১। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও ২। সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান ।
৬.২	জনাব মো: রেজাউল করিম লাল, চেয়ারম্যান, খানখানাপুর ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। আমার পার্শের গ্রামের গত ৯/৭/২০২১খ্রি: তারিখে একজন কোভিড-১৯ পজেটিভ হয়ে মারা গেছে। গতকাল ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় একজন কোভিড-১৯ এ মারা গেছে গ্রামবাসী এবিষয়ে আতঙ্কিত। গ্রামের দোকানদাররা তাদের দোকান খুলে বসে থাকে সেখানে সকলে আড্ডাদেয় তাদের নিষেধ করলে ও মানতে চায় না এ বিষয়ে পদক্ষেপের জন্য তিনি অনুরোধ জানান। ঈদ-উল-আযহার জন্য ভিজিএফ বিতরণের বিষয়ে কিভাবে জনসমাগম কমিয়ে বিতরণ করা যায় তার প্রশ্ন রাখেন।	লক ডাউনে দোকান পাঠ বন্ধ রাখতে ও স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে।	১। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও ২। ইউ,পি চেয়ারম্যান (সকল)
৬.৩	জনাব জনাব মো: আব্দুর রাজ্জাক মিয়া, চেয়ারম্যান, সুলতানপুর ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান যে, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভাল। কিছুদিন পূর্বে তার ইউনিয়নের ২-৩ জন ইয়াবা ব্যবসায়ীকে আটক করার পর মাদক অনেকাংশে কমেছে। ১ মাস আগে একজন ছাগল চুরি করতে গিয়ে ধরা পড়ার পর থানায় সোপর্দ করা হয়েছে তারপর থেকে ছাগল চুরি কমেছে। তবে তার এলাকায় কোভিড-১৯ আক্রান্ত হয়ে ১ (এক) জন মারা গেছে এছাড়া কোভিড-১৯ পজেটিভ ৬-৭ জন, গ্রাম পুলিশ দিয়ে তাদেরকে বাড়ীতে রাখার ব্যবস্থা করা হয়েছে। সুলতানপুর ইউনিয়ন থেকে রাজবাড়ী সদর হাসপাতাল প্রায় ২৬ কি:মি:। যাওয়া আসা মিলে একজন ব্যক্তির প্রায় ৪০০/--৫০০/- টাকা খরচ হয়। সে কারণে কেউ রাজবাড়ী সদর হাসপাতালে এসে কোভিড-১৯ এর টিকা নিতে আগ্রহী নয়। যদি ইউনিয়নে এসে কোভিড-১৯এর টিকা প্রদান করা হয় সেক্ষেত্রে ইউনিয়ন-পরিষদের পক্ষ থেকে মাইকিং করে দিলে সাধারণ জনগণ উপকৃত হতো ও টিকা গ্রহণে জনগণ আগ্রহী হতো। এ বিষয়ে পদক্ষেপ গ্রহনের অনুরোধ জানান।	সকল ইউনিয়ন পরিষদে কোভিড-১৯ এর টিকা প্রদানের ব্যবস্থা করতে হবে।	১। উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। ও ইউ,পি চেয়ারম্যান (সকল)।
৬.৪	জনাব শওকত হাসান, চেয়ারম্যান, আলীপুর ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। লকডাউনের জন্য দরিদ্র শ্রেনীর জনগণের কাজ না থাকায় তাদের মাঝে আরো খাবার বিতরণ প্রয়োজন। বিভিন্ন বাজারে জনসমাগম হচ্ছে এ বিষয়ে তিনি মোবাইল কোর্ট বাড়ানোর অনুরোধ করেন। তার ইউনিয়নে ঈদ-উল-আযহা উপলক্ষ্যে প্রায় ১৫০০	স্বাস্থ্য বিধি মেনে ভিজিএফ বিতরণ কার্যক্রম পরিচালনা করতে হবে।	ইউ,পি চেয়ারম্যান (সকল)।

	(পনেরশত) জনগণের মাঝে ভিজিএফ বিতরণ করা হবে। এ বিষয়ে কিভাবে জনসমাগম কমিয়ে বিতরণ করা যায় জানতে চান।		
৬.৫	জনাব মীর্জা বদিউজ্জামান, চেয়ারম্যান, বসন্তপুর ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তবে ঈদ-উল-আযহা উপলক্ষ্যে অনেক জনগণ ঢাকা ওঅন্যান্য শহর থেকে ঘরে ফিরবে। তাদের ঘরে ফেরাকে নির্বিঘ্ন করতে রাতে গোয়ালন্দ মোড় থেকে সুলতানপুর ও অন্যান্য রাস্তাগুলোতে বিশেষ পুলিশি টহলের ব্যবস্থা করার অনুরোধ জানান।	পুলিশি টহলের ব্যবস্থা করতে হবে।	১। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা
৬.৬	জনাব রাকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, রাজবাড়ী সদরের আইনশৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তিনি বলেন, সম্প্রতিক কালে বৈশ্বিক মহামারী করোনায় রাজবাড়ী হাসপাতালে প্রচুর রোগী ভর্তি হচ্ছে। বর্তমানে প্রত্যেক বাড়ীতে জ্বর, সর্দি, কাশি হচ্ছে যা আগে দেখা যায় নাই। সবাই টেষ্ট করাচ্ছে না । তাই সচেতনতা বাড়ানো প্রয়োজন। আইন-শৃঙ্খলা বাহিনী মাঠে আছে। তারা প্রতিনিয়ত কাজ করছে। উপজেলা নির্বাহী অফিসার প্রতিটি ইউনিয়নে যান ও তদারকী করেন। এ বিষয়ে তিনি জনপ্রতিনিধিদেরকে সাধারণ জনগণের প্রতি সার্বিক সহযোগিতা করার আহবান জানান।	-	-
৬.৭	জনাব এ্যাডভোকেট ইমদাদুল হক বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় যুক্ত সকল সদস্যকে শুভেচ্ছা জানান ও বক্তব্য প্রদান করেন । তিনি বলেন, রাজবাড়ী সদরের আইন শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তিনি আরো বলেন, গতকাল মাস্ক বিতরণ করতে গেলে জনগণ মাস্কের সাথে খাদ্য ওদাবী করেন।তিনি ১৫০ প্যাকেট খাবার পেয়েছেন যা ১৪ টি ইউনিয়নের মধ্যে বিতরণ করতে গেলে খুবই অপ্রতুল।আর এই খাবারের প্যাকেট যারা করছে তা খুবই নিম্নমানের। গাড়ী থেকে খাবার গুলো নামাতেই প্যাকেট ছিড়ে যায়। তিনি এই প্যাকেট যারা সরবরাহ করেছে তাদের বিল দিতে নিষেধ করেন।তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের উদ্দেশ্যে বলেন, আপনাদের ইউনিয়ন গুলোর খাদ্যবিতরণে আমি থাকবো। রাজবাড়ী সদর উপজেলা করোনায় ছেয়ে গেছে। তাই সকলকে আরো সচেতন হতে হবে।	১) কোভিড-১৯ বিষয়ে সচেতনতা বাড়ানোর ব্যবস্থা করতে হবে।	ইউ,পি চেয়ারম্যান (সকল)।

৭. জনাব মোহাম্মাদ শাহাদাত হোসেন, অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, আমি আনন্দিত যে রাজবাড়ী সদরের সকলে আমাকে সাদরে গ্রহণ করেছেন। কোভিড-১৯ এর কারণে অনেকের সাথে স্বশরীরে সাক্ষাৎ করতে পারি নাই। আই,জি মহোদয় ও পুলিশ সুপার মহোদয়ের নির্দেশে প্রতিটি ইউনিয়নে যাই ও বিট পুলিশের মাধ্যমে দায়িত্ব পালনের চেষ্টা করি। আমাদের প্রধান কাজ মানুষকে সচেতন করা। তাদের পেটে ক্ষুধা থাকে তাই তারা নীতি নৈতিকতার কথা মনে রাখে না। মাননীয় প্রধানমন্ত্রী খাদ্য দিয়েছেন। তারপরও অপ্রতুল। খানখানাপুর স্বর্ণের দোকানে ডাকাতি হয়েছিল। এই করোনা কালীন সময়েও আমরা অনেক জায়গায় অভিযান চালিয়ে মালামাল উদ্ধার করতে পেরেছি। অনেক বাজারে পাহাড়াদার নাই তার তালিকা করা হয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের ও বাজার ব্যবসায়ী সমিতির সভাপতির মাধ্যমে পাহাড়াদার রাখার ব্যবস্থা করবে। আমরা যখন রাতে বিভিন্ন ইউনিয়নে টহলে যাই তখন দেখি বিভিন্ন মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয় গুলোতে নাইটগার্ড/নিরাপত্তাপ্রহরী রাতে বিদ্যালয়ে থাকে না। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় চাইলে আমরা তার তালিকা করে দিতে পারি। উপজেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে ব্যবস্থা নিবেন। মাননীয় প্রধানমন্ত্রী ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নতদেশে রুপান্তরিত করার অঙ্গীকার ব্যক্ত করেছেন। একটি অপশক্তি যুব সমাজকে ধ্বংস করে দেশেরউন্নতি ব্যহত করতে চায়। সকলের সহযোগিতায় রাজবাড়ী সদরকে মাদকমুক্ত, ইভটিজিংমুক্ত ও সন্ত্রাসমুক্ত একটি উপজেলা হিসাবে গড়ে তোলার অভিমত ব্যক্ত করেন। তিনি রাজবাড়ী সদরের আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে সকলের সহযোগিতা চান।

সভাপতি পরিশেষে সম্পূর্ণ সভার সারমর্ম তুলে ধরেন। তিনি বলেন, মাদক, বাল্যবিবাহ, ইভটিজিং, জুয়া, জঙ্গীবাদ প্রভৃতির বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। তিনি আরো বলেন, দীর্ঘদিন একটানা লকডাউন চলছে। সে হিসাবে কাজহারা মানুষের তুলনায় খাবারের বরাদ্দ অনেক কম। তাই তিনি সকলকে নিজেদের মতো করে অসহায়দের প্রতি সাহায্যের হাত বাড়ানোর অনুরোধ করেন। বর্তমানে লকডাউন চলছে। সে জন্য সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করার আহবান জানান। অত:পর, তিনি রাজবাড়ী সদরের আইন- শৃঙ্খলা পরিস্থিতি সুষ্ঠু ও সুন্দর রাখার প্রত্যাশা ব্যক্ত করেন।